

## সিলেট থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের হজ ফ্লাইট উদ্বোধন

- A Monitor Desk Report

Date: 23 May, 2024



ঢাকাঃ ২২ মে বেলা ৪:৪৫ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ডেভিকেটেড হজ ফ্লাইট সিলেট ওসমানি আন্তর্জাতিক বিমানবন্দর থেকে হাজি যাত্রীদের নিয়ে সৌদি আরবের মদিনাতে যাত্রা করে।

উক্ত ফ্লাইটের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ হুসামুদ্দীন চৌধুরী, সভাপতি ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, জনাব শফিউল আলম চৌধুরী নাদেল, সদস্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, মো: আনোয়ারুজ্জামান চৌধুরী, মেয়র সিলেট সিটি কর্পোরেশন ও বিমানের মহাব্যবস্থাপক জনসংযোগ বোসরা ইসলাম।

এছাড়াও উক্ত অনুষ্ঠানে হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরের কর্মরত বিভিন্ন সংস্থার কর্মকর্তা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর কর্মকর্তা ও বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার রিপোর্টারবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অতিথিবৃন্দ হাজিদের কাছে দোয়া চান এবং সিলেট থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের হজ ফ্লাইটে যাত্রীদের সর্বোচ্চ সেবা প্রদান করার নিশ্চয়তা প্রদান করেন।

উল্লেখ্য সিলেট থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের প্রথম হজ ফ্লাইটে ৩৮৯ জন যাত্রী পবিত্র হজ পালনের উদ্দেশ্যে মদিনাতে যাত্রা করেন।

- T